



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও।



ucf.baliadangi@gmail.com

<http://food.baliadangi.thakurgaon.gov.bd>

স্মারক নং- উখানি/বালিয়া/ঠাক/খাদ্য-বান্ধব/২০২২/৯৪

তারিখঃ-১৫/০২/২০২২খ্রিঃ।


বিষয়ঃ খাদ্য বান্ধব কর্মসূচীর সুবিধাভোগীর তালিকা হালনাগাদ করণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে খাদ্য বান্ধব নীতিমালা-২০১৭খ্রিঃ মোতাবেক আগামী মার্চ/২২-এপ্রিল/২০২২খ্রিঃ মাসে খাদ্য বান্ধব কর্মসূচী সুষ্ঠুভাবে পরিচালনার উদ্দেশ্যে কার্ডধারী সুবিধাভোগীর তালিকা হালনাগাদ করা প্রয়োজন। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও মহোদয়ের সাথে আলোচনা ক্রমে জানানো যাচ্ছে যে, গত নভেম্বর/২০২১ মাস পর্যন্ত যে সব কার্ডধারী চাল পেয়েছেন তাদের মধ্যে কেউ অবস্থাসম্পন্ন বা স্বচ্ছল ব্যক্তি থাকলে তাদের নাম বাদ দিয়ে প্রকৃত অভাবী বা গরীব মানুষের নাম তালিকাভুক্ত করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হল। এছাড়া কার্ডধারী কেউ মারা গেলে বা দীর্ঘ সময়ের জন্য অন্যত্র চলে গেলে সে সব নাম সংশোধনের জন্যও অনুরোধ করা হল। আগামী ২৪/০২/২০২২খ্রিঃ তারিখের মধ্যে সংশোধিত তালিকা উপজেলা খাদ্য নিয়ন্ত্রক বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হল। উল্লেখ্য আগামী ২৪/০২/২০২২খ্রিঃ তারিখের মধ্যে সংশোধিত তালিকা প্রেরণ না করলে কোন সংশোধনী নাই মর্মে পূর্বের প্রণীত তালিকা মোতাবেক চাল বিতরণ করা হবে।

আগামী মার্চ/২০২২ মাসে অবস্থা সম্পন্ন বা স্বচ্ছল ব্যক্তি খাদ্য বান্ধব কর্মসূচীর চাল পেলে তালিকা প্রনয়ন কমিটির সভাপতি হিসাবে আপনি ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।

বিষয়টি অতীব গুরুত্ববহ।

প্রাপক,
.....
চেয়ারম্যান, (সকল) ইউনিয়ন, পরিষদ
বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও।


(নিখিল চন্দ্র বর্মণ)
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক(অঃদাঃ)
বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও।

স্মারক নং- উখানি/বালিয়া/ঠাক/খাদ্য-বান্ধব/২০২২/৯৪

তারিখঃ-১৫/০২/২০২২খ্রিঃ।

অনুলিপি ৪- সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইলঃ-

- ১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ঠাকুরগাঁও-২, ও প্রধান উপদেষ্টা উপজেলা খাদ্য বান্ধব কমিটি, বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও।
- ২। উপজেলা চেয়ারম্যান, বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও, ও উপদেষ্টা উপজেলা খাদ্য বান্ধব কমিটি, বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও।
- ৩। জেলা খাদ্য নিয়ন্ত্রক, ঠাকুরগাঁও।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও, ও সভাপতি উপজেলা খাদ্য বান্ধব কমিটি, বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও।
- ৫। উপজেলা কৃষি কর্মকর্তা ও সদস্য উপজেলা খাদ্য বান্ধব কমিটি, বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও।
- ৬। উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা ও সদস্য উপজেলা খাদ্য বান্ধব কমিটি, বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও।
- ৭। উপজেলা সমাজসেবা কর্মকর্তা ও সদস্য উপজেলা খাদ্য বান্ধব কমিটি, বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও।
- ৮। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও সদস্য উপজেলা খাদ্য বান্ধব কমিটি, বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও।
- ৯। উপজেলা প্রকল্পবাস্তবায়ন কর্মকর্তা ও সদস্য উপজেলা খাদ্য বান্ধব কমিটি, বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও।
- ১০। ভারপ্রাপ্ত কর্মকর্তা বালিয়াডাঙ্গী/লাহিড়ী হাট এলএসডি, বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও।
- ১১। অফিস নথি।


উপজেলা খাদ্য নিয়ন্ত্রক,
বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও।